

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-২০৩/২০১৭/১৫৭০৪

তারিখ:

১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা, বোলশহর, চট্টগ্রাম -এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদ হাদিস, তাফসির ও ফিকহ, কামিল মাস্টার্স ১ বছর মেয়াদী আল কুরআন ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং ফাজিল (অনার্স) আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৬.০৮.২০২৫ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ফিকাহ ও তাফসির ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ, কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০, ১ বছর মেয়াদি আল কুরআন ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ ২৭-০৮-২০২৫ থেকে ২৬-০৮-২০২৯ এবং ফাজিল (অনার্স) আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ ০৫-০৯-২০১৮ থেকে ০৪-০৯-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ:

১. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) শিক্ষকগণকে প্রতি ৬ (ছয়) মাস অন্তর অর্থাৎ জানুয়ারি ও জুন মাসে ইনহাউজ প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;
২. মাদরাসা গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে। লাইব্রেরিয়ান এর মাধ্যমে প্রতিমাসে প্রত্যেক শিক্ষার্থীকে পাঠদানের জন্য সিলেবাস বহির্ভূত ১ (এক) টি করে বই দিয়ে প্রতি মাসে ১৫ (পনের) দিন অন্তর প্রতিবেদনসহ জমা নেয়া এবং পুরস্কারের ব্যবস্থা করতে হবে;
৩. সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি প্রত্যেক শ্রেণিকক্ষের ব্লাকবোর্ড/হোয়াইটবোর্ড সংরক্ষণসহ মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
৪. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি পূর্বে প্রদানকৃত শর্তসমূহ বাস্তবায়ন করতে হবে;
৫. প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্থকরণের চর্চাকে নিয়মিত করতে হবে;
৬. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৭. আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;
৮. ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা গ্রহণসহ পুরনো কক্ষ, দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
৯. শিক্ষক, শিক্ষার্থীদের জন্য আবাসনের ব্যবস্থা বর্ধিতকরণের পাশাপাশি হোস্টেল ব্যবস্থা আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলে অবস্থানরত শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
১০. আধুনিক সরঞ্জামাদিসহ একটি কম্পিউটার ল্যাবের ব্যবস্থা করার পাশাপাশি আধুনিক সরঞ্জামাদিসহ শিক্ষার্থীদের খেলাধুলার জন্য একটি সুনির্দিষ্ট মাঠের ব্যবস্থা করতে হবে;
১১. মাদরাসা শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় কো-কারিকুলার এক্টিভিটিজ (যেমন: দেয়ালিকা, উপস্থিত বক্তৃতা, ডিবেটিং কম্পিটিশন, শুদ্ধ কুরআন প্রতিযোগিতা ইত্যাদি) এর আয়োজন করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

  
০১.০৪.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা  
ডাকঘর: চান্দগাঁও, উপজেলা: পাশলনাইশ জেলা: চট্টগ্রাম।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-২০৩/২০১৭/১৫৭০৪(৭)

তারিখ:

১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা, ডাকঘর: চান্দগাঁও, উপজেলা: পাশলনাইশ জেলা: চট্টগ্রাম।
৭. অফিস নথি।

  
০১.০৪.২৬

(ছায়েদ আহম্মদ মজুমদার)  
সেকশন অফিসার

মোবাইল: ০১৮২০-২৯২৫৩২